

## উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ	মোহাম্মদ আবুল কালাম উপজেলা নির্বাহী অফিসার মহেশখালী।
সভার স্থানঃ	উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ মহেশখালী, কক্সবাজার।
সভার তারিখঃ	১৬/০৭/২০১৮ খ্রিস্টাব্দ, সকাল - ১০ টা।

### সভায় উপস্থিতি পরিশিষ্ট “ক” তে সন্নিবেশিত

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এরপর জেলা আইসিটি কমিটির জুন/২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। মহেশখালী উপজেলা আইসিটি কমিটির কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকার তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এরপর মহেশখালী উপজেলা আইসিটি সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

#### ১. ইউডিসি পরিদর্শন সংক্রান্ত :

ক্র: নং	কর্মকর্তার পদবী	ইউডিসি পরিদর্শন
০১	উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী।	০৮টি

#### ২. উপজেলা/ইউনিয়ন ওয়েব পোর্টাল সংক্রান্ত :

উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ওয়েব পোর্টাল সার্ভারে দীর্ঘদিন যাবত টেকনিক্যাল সমস্যার ফলে রিপোর্ট পাওয়া যাচ্ছে না এবং ঠিকমত আপডেট ও আপলোড করা যাচ্ছে না। এ বিষয়ে জেলা আইসিটি কমিটির জুন/২০১৮ মাসের সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : সকল সরকারি অফিস ও সকল ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সমস্যা সমাধানে এটুআই ও সহকারী প্রোগ্রামার এর সাথে যোগাযোগ করতে হবে।

বাস্তবায়নে : সংশ্লিষ্ট সকল অফিসের কর্মকর্তা, সহকারী প্রোগ্রামার ও ইউডিসি উদ্যোক্তা (সকল), মহেশখালী।

০৩. উপজেলা আইসিটি কার্যক্রম এবং ইউডিসি সংক্রান্ত: মহেশখালী উপজেলায় প্রতিমাসে নিয়মিত আইসিটি কমিটির সভা করে সভার কার্যবিবরণী জেলা প্রশাসক কার্যালয়সহ সংশ্লিষ্ট মহেশখালী উপজেলার ইউডিসি সকল দপ্তরে প্রেরণ করা হয়। ইউডিসি বিষয়ে আলোচনায় উদ্যোক্তাদের আয় ও সেবা বৃদ্ধির ‘একসেবা’- ওয়েব সাইড এ উদ্যোক্তাদের তথ্যাদি আপলোড বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ‘একসেবা’- ওয়েব সাইড এ ইউডিসি উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ও সেবার বিবরণী নির্দিষ্ট সময়ের মধ্যে আপলোডের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়। উপজেলাধীন ০৮ টি ইউডিসির সেন্টারে পল্লী বিদ্যুৎ হতে বিল গ্রহণেরজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। বিভিন্ন মোবাইল ব্যাংকিং সেবা শুরু করার জন্য উদ্যোক্তাদের অনুরোধ জানানো হয়।

পাতা-২

সিদ্ধান্ত : উপজেলায় নিয়মিত মাসিক আইসিটি কমিটির সভা করতে হবে। 'একসেবা'- ওয়েব সাইড এ ইউডিসি উদ্যোক্তাদের তথ্য আপলোড নিশ্চিত করতে হবে এবং জনগণ সুবিধার জন্য পল্লী বিদ্যুৎ এর বিল সহজতর উপায়ে প্রদানের জন্য উদ্যোক্তাদের সহযোগিতা করতে হবে।


বাস্তবায়ন : ইউডিসি উদ্যোক্তা (সকল), মহেশখালী।

৪. মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত : মহেশখালী উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ মাল্টিমিডিয়া ক্লাসরুমে বর্তমান অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাল্টিমিডিয়া ক্লাসরুপ সচল আছে কিনা কিংবা তা পরিদর্শন হয় কিনা তা নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হয়। এম.এম.সি এর প্রতিবেদনের জন্য [http:// mmcm.gov.bd](http://mmcm.gov.bd) এই সাইটে প্রতিদিন শতভাগ আপলোডের জন্য পুনরায় অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত : <http://mmcm.gov.bd> এই সাইটে প্রতিদিন আপলোড নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে : উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান, মহেশখালী।

অতএব: উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যকে নিয়মিত মাসিক সভায় হাজির থাকার জন্য অনুরোধ জানানো হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোহাম্মদ আবুল কালাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
মহেশখালী, কক্সবাজার।

স্মারক নং- ০৫.২০.২২৪৯.০০০.০৩.০০৩.২০১৮.৪৮৯

তাং : ১৬/০৭/২০১৮ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কক্সবাজার।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী।
- ৪। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ ....., মহেশখালী।
- ৫। উদ্যোক্তা, ইউনিয়ন ডিজিটাল সেন্টার (সকল), মহেশখালী।
- ৬। অফিস নথি।